

## নেসকো লিঃ এর সেবা সহজীকরণ

উদ্ভাবনের শিরোনামঃ অনলাইনের মাধ্যমে সম্মানিত গ্রাহকগণের DC/RC ফি সংগ্রহ কার্যক্রম

ধারণার ধরণঃ সেবা সহজীকরণ

### পটভূমিঃ

নেসকো লিঃ এর সম্মানিত গ্রাহকগণ সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) ও পুনঃ সংযোগ (RC) এর জন্য বর্তমানে সংশ্লিষ্ট দপ্তর হতে ডিসি আরসি (DC/RC) ফর্ম সংগ্রহ করেন। অতঃপর গ্রাহক উক্ত ফর্ম পূরণপূর্বক নির্দিষ্ট পরিমাণ টাকা ব্যাংকে জমা দিয়ে জমা রশিদ সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করলে সংশ্লিষ্ট দপ্তর জনবল দিয়ে ডিসি আরসি (DC/RC) সম্পন্ন করেন। এক্ষেত্রে গ্রাহককে ডিসি আরসি (DC/RC) ফর্ম সংগ্রহ ও জমা রশিদ দাখিল করতে সংশ্লিষ্ট দপ্তরে কমপক্ষে দুই (০২) বার এবং ব্যাংকে কমপক্ষে এক (০১) বার যাতায়াত করতে হয় যা গ্রাহকের জন্য অত্যন্ত সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল ব্যাপার। এছাড়াও এক্ষেত্রে মধ্যস্থতভোগী দ্বারা গ্রাহক হয়রানির শিকার হতে পারে/ সুযোগ রয়েছে। অনলাইনের মাধ্যমে এই ডিসি আরসি (DC/RC) ফি জমা নেয়া গেলে গ্রাহকের সময় এবং অর্থ উভয়েরই অপচয় কম হবে এবং গ্রাহক হয়রানি হ্রাস পাবে। সেই লক্ষ্যে নেসকো লিঃ সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) ও পুনঃ সংযোগ (RC) ফি সংগ্রহ সেবাটি অনলাইনে নেওয়া শুরু করেছে।

### বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহঃ

গ্রাহককে অফিসে গিয়ে ম্যানুয়াল আরসি/ডিসি ফর্ম কালেকশন করতে হয়।

ব্যাংকে গিয়ে আরসি/ডিসি ফি প্রদান করতে হয়।

পেমেন্ট কপি অফিসে গিয়ে দাখিল করতে হয়।

### চ্যালেঞ্জ উত্তরণের জন্য গৃহীত পদক্ষেপঃ

অনলাইনে আরসি/ডিসি বিল ফর্ম প্রাপ্তি নিশ্চিত করা।

অনলাইনে আরসি/ডিসি বিল প্রদান করা।

অনলাইনে আরসি/ডিসি বিলের জমা রশিদ প্রাপ্তি নিশ্চিত করা।

### TCV সেবার মানের পরিবর্তনঃ

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৬-৮ ঘন্টা	১-২ ঘন্টা
খরচ (নাগরিক ও অফিসের)	নির্ধারিত ফি এর অতিরিক্ত ১০০-২০০ টাকা	নির্ধারিত ফি এর অতিরিক্ত টাকার প্রয়োজন নেই
যাতায়াত	কমপক্ষে ৩ বার (২ বার দপ্তর, ১ বার ব্যাংক)	সংশ্লিষ্ট দপ্তরে ১ বার, ব্যাংকে যাওয়ার প্রয়োজন নেই
ধাপ	৪ ধাপ	৩ ধাপ
জনবল	বেশি	কম
দাখিলীয় কাগজপত্র	ব্যাংক পেমেন্ট কপি	প্রয়োজন নেই


### উদ্ভাবকগণের পরিচিতিঃ

জনাব মোহাম্মদ মহিউদ্দিন মাহমুদ, উপ-মহাব্যবস্থাপক (বিলিং অ্যান্ড ইআরপি) (অতিঃ দাঃ), নেসকো লিঃ, রাজশাহী।

### নগদ এ্যাপের মাধ্যমে ফি পরিশোধের ধাপসমূহঃ

- ১। আপনার মোবাইল ফোনে (অ্যান্ড্রয়েড/আইফোন) নগদ এ্যাপ-এ প্রবেশ করুন।
- ২। "Bill Pay" আইকন-এ ট্যাপ করুন।
- ৩। "Bill"-এর জায়গায় 1257 টাইপ করুন এবং "NESCO Miscellaneous Fee" সিলেক্ট করুন।
- ৪। এই ডিপোজিট স্লিপে প্রদর্শিত Consumer no. Fee Code, KVA এবং Days -সংখ্যাসমূহ টাইপ করে Next-এ ট্যাপ করুন।
- ৫। নগদ এ্যাপ-এ প্রদেয় টাকার পরিমাণ প্রদর্শন করবে। প্রদেয় টাকার পরিমাণ ঠিক থাকলে Next-এ ট্যাপ করে পেমেন্ট সম্পন্ন করুন।
- ৬। পেমেন্ট সফল হলে পেমেন্টের তারিখ ও Transaction Id সংরক্ষণ করুন।

উদ্ভাবনের গ্রাফ/চিত্র (যদি থাকে):



https://bill.nesco.gov.bd/miscFee

Enter input for miscellaneous fee

Consumer Number \* 21012190

Misc Fee Type \* Disconnection and Reconnection charge on Cons v

Consumer Class \* LT Single Phase v

Show Bill

Payment of miscellaneous fees of selected consumer

Payment Date	Fee Name	Consumer Class	Paid Amount	MFS Name	Payment Status
20/03/2022	Disconnection and Reconnection charge on Consumer's Request	LT Single Phase	400	Nagad	Paid

**NESCO** নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ  
Northern Electricity Supply Company Ltd  
(An Enterprise of Bangladesh Power Development Board)  
www.nesco.gov.bd

**Miscellaneous Fee Deposit Slip**

Consumer Name: MD MOTIAR RAHMAN  
Address: HOUSE# 163 ROAD#1 COLLAGE ROAD ,RANGPUR  
Book: N01 Walk Order: 8 Account No.: 55701268

Fee information (use the below information to pay with Nagad app)

Consumer No.: 11000745 Fee Code: 1331 KVA: 0 Days: 0

Item	Amount (Taka)
Disconnection and Reconnection charge on Consumer's Request (LT Single Phase)	400
<b>Total</b>	<b>400</b>

Total amount in word: Taka four hundred only

Executive/Resident Engineer  
Sales and Distribution Unit - 1, Rangpur

20.02.2022

রতন কুমার রায়  
মহকুমারী ব্যবস্থাপক (এমআইএস এন্ড আইসিটি)  
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর  
নেসকো লিঃ, রাজশাহী